# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৯৬

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ উল্লেখিত হাদীসটি ইসলামের প্রথম যুগের- এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذَا الْخَبَرَ كَانَ فِي أَوَّلِ الْإِسْلَامِ

আরবী

1096 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي نَافِعٌ
حَدَّثَنَا ابْنُ عُمَرَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شُغِلَ ذَاتَ لَيْلَةٍ عَنْ صَلَاةِ الْعَتَمَةِ حَتَّى رَقَدْنَا فِي الْمَسْجِدِ ثُمَّ اسْتَيْقَظْنَا ثُمَّ رَقَدْنَا ثُمَّ اسْتَيْقَظْنَا ثُمَّ خَرَجَ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَيْسَ يَنْتَظِرُ أحد من أهل الأرض الصلاة غيركم)
الراوي : ابن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1096 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১০৯৬. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমাকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ব্যস্ততার কারনে ইশার সালাত আদায়ে বিলম্ব করেন এমনকি আমরা মসজিদে শুয়ে পড়ি, তারপর আমরা জাগ্রত হই, তারপর আবার শুয়ে পড়ি আবার জাগ্রত হই, তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হুজরা থেকে বের হয়ে আসেন এবং বলেন, “তোমরা ছাড়া পৃথিবীবাসীর আর কেউ সালাতের জন্য প্রতীক্ষা করছে না।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৩৪৮; সহীহ মুসলিম:৬৩৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২১১৫; মুসনাদ আহমাদ: ২/৮৮; সহীহ বুখারী: ৫৭০; বাযযার: ৩৭৬; মুসনাদ আবূ ইয়ালা: ২/২৫০; আত তায়ালিসী: ৩৩৩; নাসাঈ: ২/১৮; তাবারানী আল কাবীর: ১০২৮৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৯৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90409

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন